মেহেরপুরসহ বিভিন্ন বিদ্যালয়ে বই বিতরণ

গতকাল শুক্রবার বেলা ১২টার সময় মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর-শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বছরের শুরুতে বিভিন্ন শ্রেণীর শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হয়েছে।

শ্যামপুর-শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুর রাজ্জাক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্যামপুর-শালিক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ আব্দুল বারী, ইউনিয়ন কৃষক লীগের সাধারণ সম্পাদক কামাল হোসেন, সহকারি শিক্ষক মোঃ মোখলেছুর রহমান, আব্দুর রশিদ, মোহাম্মদ আলীসহ অনেকে।

এছাড়াও, মেহেরপুরে ১৩ টি মন্দির ভিত্তিক শিক্ষা কেন্দ্রে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে বই বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার সকালে ভার্চুয়াল ভিডিও কনফারেন্সের মাধ্যমে ধর্ম প্রতিমন্ত্রী ফরিদুল হক খান (এম.পি) মেহেরপুরসহ ৬৪ জেলায় বই বিতরণী অনুষ্টানের উদ্ভোধন করেন।

এসময় অনুষ্টানটির সভাপতিত্ব করেন অতিরিক্ত সচিব রঞ্জিত দাস।

এসময় মেহেরপুর শ্রী শ্রী শিদ্ধেশ্বর কালী মন্দিরে উপস্থিত ছিলেন মেহেরপুরের এডিএম তুষার কুমার পাল, সহকারী প্রকল্প পরিচালক ও হিন্দু কল্যাণ ট্রান্স এর প্রকল্প পরিচালক হ্যাপি সাহাসহ ১৩ টি মন্দির ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীসহ অভিবাকগণ।

ঝিনাইদহ প্রতিনিধি জনান, সারা দেশের ন্যায় ঝিনাইদহেও করোনা মহামারির মধ্যে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়া হয়েছে।

শুক্রবাল সকালে শহরের সরকারি উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে বই উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। এসময় সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শেখ সফিয়ার রহমান, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, কালেক্টরেট

স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ প্রফেসর সুষেন্দু কুমার ভৌমিকসহ শিক্ষক, অভিভাবকরা উপস্থিত ছিলেন।

এছাড়াও শহরের বালিকা উচ্চ বিদ্যালয়সহ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বই বিতরণ করা হয়েছে।

করোনা মহামারির মাঝেও সামাজিক দূরুত্ব বজায় রেখে বই বিতরণ করায় খুশি শিক্ষার্থী ও অভিভাবকরা।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ জানান, আগামী ১২ জানুয়ারি পর্যন্ত জেলার ৬ উপজেলায় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে ৩৪ লাখ ৯১ হাজার ৮’শ ৩০ টি বই বিতরণ করা হবে।

এছাড়াও, মহামারি করোনার মধ্যে সারা দেশের ন্যায় হরিণাকুণ্ডু উপজেলার ঐতিহ্যবাহী ঘোড়াগাছা লাল মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে বছরের প্রথম দিনে নতুন বই তুলে দেওয়া হয়েছে।

গতকাল শুক্রবার সকালে বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে বই উৎসবের উদ্বোধন করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাসেম। এসময় আরও উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক শিল্পি খাতুন, ঝিনাইদহ প্রেস ক্লাবের আইসিটি বিষয়ক সম্পাদক শাহানুর আলমসহ বিদ্যালয়ের শিক্ষক, ছাত্র এবং অভিভাবকরা।

মহামারি করোনা ভাইরাসের মাঝেও প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর নির্দেশনা মোতাবেক সামাজিক দূরুত্ব বজায় রেখে বই বিতরণ করায় খুশি শিক্ষার্থী ও অভিভাবকরা।

প্রধান শিক্ষক জানান, সরকারী নির্দেশনা মোতাবেক আগামী ১২ জানুয়ারির মধ্যে সকল ক্লাসের বই বিতরণ কাজ সম্পন্ন করা হবে।

চিৎলা প্রতিনিধি জানান, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গার চিৎলা ইউনিয়নের কুলপালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন বছরকে সামনে নিয়ে বছরের প্রথম দিনে বই বিতরণ করা হয়েছে। সামাজিক দূরত্ব বজায় রেখে প্রত্যেকে মাক্স পরিধান করে বই বিতরণের অনুষ্ঠানটি পরিচালনা করা হয়।

অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেছেন, কুলপালা সরকারি প্রাথমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি মোছা: সন্ধি মন আরা শাহ্।

তিনি বলেন, কুলপালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সামাজিক দূরত্ব বজায় রেখে এবং মাক্স পরিধান করে বই বিতরণ এর কাজ শুরু করা হয়, এবং আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদ্মা সেতুর কাজ সম্পন্ন করে যে সাহসিকতার পরিচয় দিয়েছেন এবং বাংলাদেশের পতিটা প্রাথমিক বিদ্যালয়ের সরকারিকরণ করার ফলে বাংলাদেশকে বিশ্বের কাছে রোল মডেল হিসেবে পরিচিতি লাভ করেছে।

এ সময় আরো উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষিকা মাকসুদা মালিক, ম্যানেজিং কমিটির সহ-সভাপতি টিপু মিয়া, ম্যানেজিং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ ও শিক্ষক-শিক্ষিকা বৃন্দ।

জীবননগর অফিস জানায়, জীবননগর উপজেলায় নতুন বছরে বিনামূল্যে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হয়েছে। গতকাল শুক্রবার সকালে জীবননগর উপজেলা প্রাথকিমক শিক্ষা অফিসের আয়োজনে সামজিক দূরত্ব বজায় রেখে নতুন বছরের প্রথম দিনে জীবননগর উপজেলার ৭১টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ৩৫টি কেজি স্কুলের প্রায় ২৪হাজার শিক্ষার্থীর মধ্যে নতুন বছরের প্রথম দিনে বিনামূল্যে বই বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার এস.এম.মুনিম লিংকন, উপজেলা নির্বাহী অফিসারের স্ত্রী মেহেরুন্নেছা, জীবননগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান।

একই দিনে আলীপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন মাই টিভির সিনিয়র রিপোর্টার এস কে লিটন, আলীপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও বাঁকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদেও, প্রধান শিক্ষক আবুল হাসেমসহ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীগণ।

জীবননগরে শীতবস্ত্র বিতরণ

জীবননগর উপজেলা প্রশাসনের নির্বাহী কর্মকর্তা এস. এম মুনিম লিংকনের সহায়তায় হাসাদাহ প্রেস ক্লাবের পক্ষ থেকে এলাকার অসহায়

সুবিধা বঞ্চিত গরীব ও দুস্থ মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৫টার সময় হাসাদাহ প্রেস ক্লাবের নিজ অফিস কার্যালয়ে হাসাদাহ প্রেস ক্লাবের সভাপতি মতিয়ার রহমানের সভাপতিত্বে এলাকার অসহায় ব্যক্তিদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন হাসাদাহ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, সহ-সভাপতি ছামসুল আলম, যুগ্ম- সাধারণ সম্পাদক মুন্সি কবির হোসেন, কোষাধাক্ষ্য বদরুজ্জামান শ্যামল , প্রচার ও দপ্তর সম্পাদক আল -আমিন, কার্যনির্বাহী সদস্য কবির আহাম্ম্দ, সাহাবদ্দিন খাঁন, লিমন হুসাইন প্রমুখ।

চুয়াডাঙ্গায় থার্টিফার্স্ট নাইটের অনুষ্ঠানে ২ জনকে কুপিয়ে জখম

চুয়াডাঙ্গায় থার্টিফার্স্ট নাইটের অনুষ্ঠানে দুজনকে কুপিয়ে গুরুতর জখম করা হয়েছে। আহতরা হলেন- ওই এলাকার মৃত আবদুল আজিজের ছেলে পারভেজ (২০) ও টগর হোসেনের ছেলে জিসান হোসেন (১৮)। ঘটনার সঙ্গে জড়িত এক যুবককে আটক করেছে পুলিশ।

বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে জেলা শহরের ইসলামপাড়া বটতলায় এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ইংরেজি নববর্ষ উপলক্ষে ইসলামপাড়া বটতলায় পিকনিকের আয়োজন করে স্থানীয় যুবকরা। রাতে বক্সে গান বাজিয়ে চলছিল নাচানাচি। ১০টার দিকে নিজেদের মধ্যে হঠাৎ বাকবিতণ্ডা শুরু হয়।

এ সময় কয়েকজন যুবক ধারালো অস্ত্র দিয়ে পারভেজ ও জিসানকে কুপিয়ে জখম করে। পরে তাদের উদ্ধার করে জেলা সদর হাসপাতালে নেয়া হয়।

সদর থানার ওসি আবু জিহাদ খান বলেন, ‘পিকনিকে নাচানাচির সময় নিজেদের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে। রাতেই রাজন নামের এক যুবককে আটক করা হয়েছে।’

দামুড়হুদা উপজেলা প্রশাসনের কম্বল বিতরণ

দামুড়হুদা উপজেলা প্রশাসন দুটি মাদ্রাসায় কম্বল বিতরণ করেছে। জানা যায়, গতকাল বিকালে উপজেলা সদরের দুটি এতিমখানা-মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত কম্বল বিতরণ করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

দামুড়হুদা দারুস সুন্নাহ ইসলামিয়া মাদ্রাসা ও তাফসী রাঃ এতিমখানার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত কম্বল বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা দারুস সুন্নাহ ইসলামিয়া মাদ্রাসার সভাপতি হাজী মোফাজ্জেল হোসেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের টেকনিশিয়ান খাইরুল কবির দিনার, অফিস সহায়ক রফিকুল ইসলাম ও দৈনিক মাথাভাঙ্গার মিরাজুল ইসলাম মিরাজসহ মাদ্রাসা-এতিমখানার শিক্ষকবৃন্দ।

জীবননগরে অজ্ঞান পার্টির খপ্পরে তিন ব্যাপারীর লক্ষাধিক টাকা খোয়া

জীবননগর শিয়ালমারী পশুহাটে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে নগদ লক্ষাধিক টাকা খোয়ালেন তিন ছাগল ব্যাপারী।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২টার সময় কালীগঞ্জ থেকে ছাগল কেনার জন্য জীবননগর উপজেলার শিয়ালমারী পশুহাটে আসার পথে বাসের মধ্যে পেয়ারার সাথে চেতনানাশক ঔষধ মিশিয়ে অজ্ঞান করে তাদের নিকট থাকা নগদ লক্ষাধিক টাকা ছিনিয়ে নিয়ে চলে যায়।

এ সময় তাদের অচেতন অবস্থায় বাসের হেলপার চিকিৎসার জন্য উথলীতে নামিয়ে দেন। পরে স্থানীয় ব্যবসায়ীরা প্রাথমিক চিকিৎসা দিয়ে তাদের কাছে থাকা মোবাইল ফোন দিয়ে পরিবারের লোকজনের কাছে হস্তান্ত করেন ।

অজ্ঞান পার্টির খপ্পরে পড়া তিন ছাগল ব্যাপারী হলেন ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার মল্লিক পুর গ্রামের অপুর্ব, লক্ষণ ও জয়দেব ।

দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে শীতবস্ত্র বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলায় স্টার গোল্ড ইলেকট্রনিক এগ্রো ফার্ম লিমিটেড এর যৌথ উদ্যোগে অসহায় হতদরিদ্র মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার সময় দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদ চত্বরে এই শীত বস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে অতিথিদের ফুলেল শুভেচ্ছা প্রদান করেন স্টার গোল্ড ইলেকট্রনিক এগ্রো ফার্ম লিমিটেডের কর্মকর্তারা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান বাবলু। প্রধান অতিথি হিসেবে শীতবস্ত্র বিতরণ করেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ জিয়াউল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগান্তর ও মাই টিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি ইকরামুল হক পিপুল, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মোঃ ফরিদ হোসেন, দর্শনা প্রেস ক্লাবের

সাবেক সভাপতি মো: হানিফ মন্ডল, স্টার গোল্ড ইলেকট্রনিক এগ্রো ফার্ম লিমিটেডের কর্মকর্তা সুচরিত সুলতনা, শাকিল আহমেদ, তানিয় প্রমুখ।

অনুষ্ঠানে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের অসহায় হতদরিদ্র ৪ শত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

আলমডাঙ্গার কুলপালায় রাস্তার বেহাল দশা

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ১৪ নং চিৎলা ইউনিয়ন এর ৯ নম্বর ওয়ার্ডে কুলপালা গ্রামের রাস্তাটির বেহাল দশা। বিগত ১০ বছর ধরে এই রাস্তাটি এভাবে অকার্য হয়ে রয়ে গেছে।

এই রাস্তাটি ধরে কুলপালা হয়ে রুইতনপুর, হাপানিয়া, চিৎলা, আসমানখালী, গাংনী টু কুষ্টিয়া যাওয়া আসা করে মানুষ। একই পথ দিয়ে কুলপালা গ্রামের মসজিদে যেতে হয় এবং ছোট ছোট বাচ্চারা স্কুলে যাতায়াতের ভোগান্তিতে ভোগে, এই রাস্তাটির জন্য বিগত ১০ বছর ধরে চুয়াডাঙ্গা ১ আসনের এমপি মহোদয়ের কাছে এবং এক্সচেঞ্জ ইঞ্জিনিয়ার এর কাছে অনেকবার ঘোরাঘুরি করেও কোনো লাভ হয়নি জনগণের।

কিন্তু এত কিছুর পরেও জনগণ আশা হারাননি এমপি সাহেবের উপরে আস্থা রেখে এখনো বিশ্বাস আছে যে সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এর হাত দিয়েই এই কাজটি উদ্বোধন হবে ইনশাল্লাহ্।

তাই পার্শ্ববর্তী গ্রামবাসীর একটাই দাবি অতি শীঘ্রই এই রাস্তার কাজের জন্য প্রস্তুতি নেয়া হোক।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

করেন।

সর্ববৃহৎ আলমডাঙ্গা পৌরসভার গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় ১১ টি প্যাকেজের অনুকুলে ৩৩টি প্রকল্পের কাজ এক যোগে সমাপ্ত হবে।
উদ্বোধন অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনুর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে সেলুন জোয়াদ্দার বলেন, করোনা মহামারীর কারণে আলমডাঙ্গা পৌরসভার উন্নয়নে ব্যাপক বাঁধার সম্মুখীন হয়েছে।

এই কারণে পৌর এলাকাবাসীকে সাময়িক দুর্ভোগের সম্মুখীন হতে হয়েছে। বর্তমান সরকার উন্নয়ন মুখী সরকার। এ সরকারের আমলে আলমডাঙ্গা উপজেলায় ২ শত ৯২ কিলোমিটার রাস্তা নির্মাণ করা হয়েছে। প্রত্যন্ত অঞ্চলে যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নয়ন হয়েছে। সরকার দেশে বড় বড় মেগা প্রকল্পের কাজ চলমান রেখেছে। তিনি আরও বলেন, মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা বাপের বেটি, তিনি নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু, চট্টগামে কর্ণফুলি টানেল, ফ্লাইওভার ব্রিজ, ঢাকা এক্সপ্রেস ওয়ে, মেট্রো-রেলসহ বিভিন্ন প্রকল্প বাস্থবায়ন করে দেখিয়ে দিলেন আমরাও পারি।

এ ছাড়াও অসংখ্য উন্নয়ন কাজ চলমান রেখেছেন। তিনি আরো বলেন, আলমডাঙ্গা পৌরসভার ১১ টি প্যাকেজের অনুকুলে ৩৩ টি প্রকল্পের প্রতিটি কাজ স্থানীয়রা দেখে ও বুঝে নিবেন। মনে রাখবেন এই টাকা আপনার আমার ট্যাক্সের টাকায় নির্মিত হচ্ছে। তাই এই কাজ আপনারা শিডিউল অনুযায়ী কাজ গুলি আপনারা বুঝে নিবেন। ঠিকাদারি প্রতিষ্ঠানের কেউ শিডিউল না দেখাতে কিংবা পৌরসভার সাথে জড়িত ব্যক্তিরা হুমকি দিলে আমাকে জানাবেন। সাংবাদিক ভাইদের বলছি, আপনাদেরও দায়িত্ব আছে, আপনারা দেখবেন, কাজে কোন অনিয়ম করলে আপনাদের কলম যেন বন্ধ না হয়।

প্রতিটা উন্নয়নের কাজে ব্যবহৃত টাকা প্রত্যেকটি সাধারণ মানুষের। যদি রাস্তা বা ড্রেন নির্মাণ বুঝে না নেন তাহলে নিজেদের ভোগান্তি নিজেরাই ডেকে আনবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা প্রকৌশলী এলজিইডি আব্দুর রশিদ, থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারি, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, যুগ্ম সাধারণ সম্পাদক কাজী রবিউল হক, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা,

হামিদুল ইসলাম, আমিরুল ইসলাম মন্টু।

ছাত্রলীগ নেতা মামুনের উপস্থাপনায় বক্তব্য রাখেন পৌর কাউন্সিলর আব্দুল গাফ্ফার, মামুন অর রশিদ হাসান, মতিয়ার রহমান বাবু মুন্সি। এ ছাড়াও উপস্থিত ছিলেন পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি আবু মুছা,সম্পাদক সিরাজুল ইসলাম,পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, রেজাউল হক তবা, ৯নং ওয়াড আওয়ামী লীগের সভাপতি সহিদুল হক মোল্লা, টিংকু মোল্লা, পৌর আওয়ামী লীগের সকল ওয়ার্ডের সভাপতি, সম্পাদক, সকল কাউন্সিলর বৃন্দ।

চুয়াডাঙ্গায় স্ত্রীকে গলা কেটে হত্যার চেষ্টা, ধারালো অস্ত্রসহ স্বামী গ্রেফতার

চুয়াডাঙ্গায় স্ত্রীকে গলা কেটে হত্যার চেষ্টা করেছেন এক পাষণ্ড স্বামী। রক্তাক্ত ও মুমূর্ষু অবস্থায় স্ত্রী দোলন অধিকারীকে
(২৫) চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলার কালিভাণ্ডারদহ গ্রামের হিন্দুপাড়ায় বুধবার সকালে এ ঘটনা ঘটে। ঘটনার কয়েক ঘণ্টার মাথায় পার্শ্ববর্তী জেলা ঝিনাইদহ থেকে ধারালো অস্ত্রসহ স্বামী জসিম অধিকারীকে গ্রেফতার করেছে পুলিশ।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে আহত দোলনের শয্যাপাশে থাকা প্রতিবেশীরা বলেন, জসিম অধিকারী পেশায় একজন নরসুন্দর (নাপিত)। দীর্ঘদিন ধরে পারিবারিক খুঁটিনাটি বিষয় নিয়ে স্বামী জসিম মারধর করত স্ত্রী দোলনকে। বুধবার সকাল সাড়ে ৮টার দিকে ঘরে আটকে রেখে দোলনের গলায় ছুরি দিয়ে পোঁচাতে থাকে স্বামী জসিম।

এ সময় দোলনের চিৎকার-চেঁচামেচি শুনে প্রতিবেশীরা ছুটে এলে জসিম অধিকারী পালিয়ে যায়। রক্তাক্ত জখম ও গুরুতর অবস্থায় সকাল সাড়ে ৯টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয় দোলন

অধিকারীকে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. জান্নাতুল ফেরদৌস বলেন, ‘দোলনের অবস্থা আশঙ্কাজনক। তার গলার কয়েকটি শিরা কেটে গেছে। গলায় অসংখ্য সেলাই দেয়া হয়েছে। আমরা তাকে পর্যবেক্ষণে রেখেছি। অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য বাইরে পাঠানো লাগতে পারে।’

চুয়াডাঙ্গা সদর থানার ওসি আবু জিহাদ খান বলেন, ঘটনার কয়েক ঘণ্টার মাথায় দুপুরে ঝিনাইদহ জেলার মহাম্মদপুর গ্রাম থেকে অভিযুক্ত জসিমকে ধারালো চাকুসহ গ্রেফতার করা হয়েছে। জসিমের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।